



সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।	
পরিচালক (সড়ক)	জিহ্নী নং.....২৩৬২
পরিচালক (মৌ)	তারিখ.....৩০/১০/১৮
ব্যবস্থাপক	উপস্থাপন করণ
প্রশাসনিক কর্মকর্তা	আলোচনা করণ
হিসাবরক্ষণ কর্মকর্তা	জবাব প্রেরণ করণ
পি.এ.	ব্যবস্থা দিন
	মিথিত করণ

অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শের-এ বাংলা নগর
ঢাকা-১২০৭

ডি. ও. নং-০৯.০০.০০০০.০৯২.২৪.০০৬.১৮-১৪৬

তারিখ-২৭/০৯/২০১৮


শ্রীঃ মোহাম্মদ,

আপনি অবগত আছেন যে, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি)'র ঢাকাস্থ Regional Hub অফিস উদ্বোধন উপলক্ষে আইডিবি'র মান্যবর প্রেসিডেন্ট Dr. Bandar M.H. Hajjar গত ৭-১১ সেপ্টেম্বর, ২০১৮ সময়ে বাংলাদেশ সফর করেন। সফরকালে গত ৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় হোটেল Radisson-এ তিনি আইডিবি'র ঢাকাস্থ Regional Hub অফিসের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আইডিবি'র Regional Hub অফিসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী, সরকারি বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ, উন্নয়ন সহযোগী সংস্থা-এর এবং বেসরকারি বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান ছাড়াও আইডিবি'র প্রেসিডেন্ট হোটেল Radisson-এ আইডিবি কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত Science, Technology and Innovation (STI) Roadshow-তে অংশগ্রহণ, বঙ্গবন্ধু যাদুঘর এবং রাজধানীর আগারগাঁওয়ে সদ্যস্থাপিত Regional Hub অফিস পরিদর্শন করেন। পরিশেষে গত ১০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ তিনি ঢাকা ত্যাগ করেন।

০২। Regional Hub অফিসের উদ্বোধনী অনুষ্ঠান সফলভাবে আয়োজন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। আইডিবি'র মান্যবর প্রেসিডেন্টও বাংলাদেশ সফরকালে বাংলাদেশ সরকারের আতিথেয়তায় মুগ্ধ হয়েছেন এবং জেদ্দাস্থ আইডিবি'র সদরদপ্তরে প্রত্যাবর্তনপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় অর্থমন্ত্রীকে পত্র মারফত ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

০৩। এ প্রেক্ষিতে, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি)'র ঢাকাস্থ Regional Hub অফিস উদ্বোধন উপলক্ষে আইডিবি'র মান্যবর প্রেসিডেন্টের ঢাকা সফরকে সার্বিকভাবে সাফল্যমন্ডিত করার জন্য আপনার প্রতিষ্ঠানের নিকট থেকে আমরা সর্বাঙ্গক সহযোগিতা পেয়েছি। আপনার প্রচেষ্টা ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

মোহাম্মদ,


২৭/৯/২০১৮
মোহাম্মদ শামসুল আলম
অতিরিক্ত সচিব

পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর
১৬ আব্দুল গণি রোড, ঢাকা